



## এক আধ্যাত্মিক কথোপকথন প্রেস নোট ৩- ফেব্রুয়ারি ২৫, ২০২৩ খ্রিস্টাব্দ

এশিয়া মহাদেশীয় সিনোডালিটি সম্মেলনের দ্বিতীয় দিনের অনুষ্ঠান পর্ব শুরু হয় সিনোডের থিম প্রার্থনা, 'এ্যাডসুমুস স্যাংতে স্পিরিচুয়াস' এই সমবেত প্রার্থনার মধ্য দিয়ে। এই সিনোডাল যাত্রায় যাতে যোগদানকারী সকল অতিথি ও বিশিষ্ট ব্যক্তিদের উপর পবিত্র আত্মার আলোকশক্তি নেমে আসে ও সকলকে সঠিক পথে অনুপ্রাণিত করে, পরিচালিত করে। যার মাধ্যমে এই সিনোডাল যাত্রায় তারা এশিয়া মহাদেশের কণ্ঠস্বর হতে পারে। সিনোডের এই প্রার্থনার একটা সমৃদ্ধ ঐতিহাসিক প্রেক্ষাপট আছে। প্রথম শব্দটি হল ল্যাটিন যার অর্থ হল, "পবিত্র আত্মা তুমি আমাদের পরিচালনা কর"। বহু শতাব্দী ধরে এই প্রার্থনাটি বিভিন্ন কাউন্সিলের, সিনোডের এবং খ্রীষ্টমণ্ডলীর নানান সমাবেশে গাওয়া হয়।

সিস্টার নাথালি বিকোওয়ার্ট এক্স.এম.সি.জে., সিনোড জেনারেল সেক্রেটারিয়েট অধীনস্থ সচিব, আজকের অনুষ্ঠান মালার সকলের জন্য ওরিয়েন্টেশন দেন। যেখানে তিনি নির্দেশ করেন যে সিনোডালিটি হল সিনোডে তরুণ প্রজন্মের যোগদানের জন্য। তিনি আরও বিস্তারিতভাবে বলেন, যদি আমরা এই কথা বিশ্বাস করি, যে ঈশ্বরের ইচ্ছা অনুযায়ী সিনোডালিটি একমাত্র পথ যা বর্তমান খ্রীষ্টমণ্ডলীকে সঠিক ভাবে গড়ে তুলতে সক্ষম। যেখানে পবিত্র আত্মার অনুপ্রেরণা আমরা পরিবর্তনশীল মনোভাব নিয়ে একে অপরের কথা ধৈর্য সহকারে শুনতে প্রস্তুত থাকি। যেখানে গোড়ায় পোপ ফ্রান্সিস বলেছিলেন, প্রকৃত খ্রীষ্টমণ্ডলী হয়ে ওঠার জন্য ঈশ্বরের এই আহ্বান, অনুগ্রহকে যদি আমরা বুঝতে পারি তবেই সিনোডাল প্রক্রিয়ার সার্থকতা হবে।

গত দুই দিন ধরে, প্রতিনিধিদের 'আধ্যাত্মিক কথোপকথন' নামে একটি ত্রিস্তরীয় পদ্ধতির মধ্য দিয়ে এই সিনোডাল প্রক্রিয়ার যাত্রা শুরু করার জন্য সকলকে আমন্ত্রণ জানানো হয়। প্রথম ধাপ, "এই সময় শুধুমাত্র আপনার" হল এমন একটি সময় যখন গ্রুপের প্রতিটি অংশগ্রহণকারী তাদের সিনোডাল প্রক্রিয়ার অভিজ্ঞতা সম্পর্কে দুই মিনিটের জন্য তাদের নিজেদের বক্তব্য রাখেন; কোনো রকম আলোচনা বা হস্তক্ষেপ ছাড়াই, সেই সময় অন্যরা দুই মিনিটের জন্য নীরবতা পালন করেন। দ্বিতীয় ধাপ, "অন্যদের জন্য জায়গা তৈরি করা" হল এমন একটি সময় যখন দলের প্রতিটি সদস্য অন্যের যে কথাটি থেকে তিনি সবচেয়ে বেশি অনুপ্রাণিত

#SynodBangkok2023





হয়েছেন সেই বিষয়ের ওপর দুই মিনিটের জন্য বক্তব্য রাখেন; তবে এই সময়ও ঠিক একই ভাবে অন্য সদস্যরা কোনরকম আলোচনা বা হস্তক্ষেপ ছাড়াই দুই মিনিটের নীরবতা পালন করেন। তৃতীয়টি ধাপটি, "একত্রে গড়ে তোলা" হল কথোপকথনের ফল সনাক্ত করা, অভিন্নতা, সাধারণ প্রশ্ন, মতবিরোধ এবং ভবিষ্যৎবাণীপূর্ণ কন্ঠস্বর সনাক্ত করার জন্য সময় দেওয়া হয়। এই মুহূর্তটি ছিল অনুগ্রহের সময় যেখানে, তারা মৌলিক বিষয়গুলি নিয়ে আলোকপাত করতে পারবেন যে: পবিত্র আত্মা আমাদের কি নেতৃত্ব দিচ্ছেন?

দলগুলি নিম্নলিখিত প্রশ্নগুলির প্রতিফলন এবং প্রার্থনা করেছিলেন: খসড়া কাগজে "শূন্যস্থান" বিভাগে পর্যাপ্তভাবে আলোচনা করা হয়নি এমন কোনও উদ্বেগ বা সমস্যা আছে কি? এমন কোন এশিয়ান বাস্তবতা, অভিজ্ঞতা বা উদ্বেগ আছে যা "শূন্যস্থান"-এ অন্তর্ভুক্ত বা উন্নত করা যেতে পারে?

সকালের দ্বিতীয় অধিবেশনে দলগুলি এশিয়া মহাদেশের জন্য সবচেয়ে জরুরি পাঁচটি অগ্রাধিকারের প্রতিফলন এবং আলোচনা করেছিলো এবং যা অবিলম্বে অক্টোবর সিনোডাল এসেম্বলিতে আনা দরকার।

সেদিনের মডারেটর এবং ফেসিলিটের ছিলেন, ভারতের দিল্লির আর্চবিশপ অনিল যোশেফ থমাস কোটো, মিস. ক্রিস্টিনা থেং, কমিশন অন মেথেডোলজি ফর দ্য সিনোড, এবং মিস. মোমোকো নিশিমুরা, সদস্য এফ.এ.বি.সি. সিনোডাল টাস্ক ফোরস। ফেসিলিটেররা প্রতিনিধিদের স্মরণ করিয়ে দেন, এশিয়ার কন্ঠস্বর হিসাবে কথা বলার দায়িত্ব তাদের ব্যক্তিগত ক্ষমতা নয়।

দুই দিন সকালের অধিবেশনই আশীর্বাদপূর্ণ স্যাক্রামেন্টের সময়ের আগে শেষ হয়েছিল; কারণ প্রার্থনাই এই সিনোডাল যাত্রার চালিকা শক্তি।

দিনের তৃতীয় অধিবেশনে দলগুলিকে আমন্ত্রণ জানানো হয় কার্যাবলী পত্রের খসড়া রূপান্তরটি বিশদভাবে পরীক্ষা করতে।

দিনটি সমাপন হয় পবিত্র খ্রিস্ট যাগের মধ্য দিয়ে যার থিম ছিল এশিয়ার জন্য একটি খ্রিস্ট যাগ। এই খ্রিস্ট যাগ উৎসর্গ করেন কার্ডিনাল যোশেফ কোটো, পাকিস্তানের করাচির অবসরপ্রাপ্ত আর্চবিশপ, এবং সিনোড কাউন্সিল সদস্যগণ।

#SynodBangkok2023



এস্মাউসের পথে শিষ্যের মতো যাত্রা চলছে এবং, প্রতিনিধিগণ ধর্মগ্রন্থের এই বাক্য প্রতিধ্বনিত করুন যখন তিনি পথে আমাদের সাথে কথা বলছিলেন, এবং যখন তিনি আমাদের জন্য শাস্ত্র উন্মুক্ত করছিলেন, তখন আমাদের মনের ভেতর কি একটা আগুন জ্বলছিলো না? (লুক ২৪:৩২)

#SynodBangkok2023

